ইত্তেফাক

৪৮

তারিখ ... ২০.১১.৭৯ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ৫ ...

# সরকারী কলেজ শিক্ষকদের ধর্মঘট

( ইত্তেফাক রিপোর্ট )

দেশের সরকারী কলেজসমূহের শিক্ষকগণ বিভিন্ন দাবীর ভিত্তিতে গতকাল ( সোমবার ) হইতে ধর্মঘট শুরু করিয়াছেন।

নগরীতে ঢাকা কলেজ ও বাংলাদেশ চারু ও কারুকলা মহাবিদ্যালয় ছাড়া অন্য সকল সরকারী কলেজে শিক্ষকরা পূর্ণ ধর্মঘট পালন করেন। ঢাকা কলেজে গতকাল আংশিকভাবে ক্লাস চলে।

চারু ও কারুকলা মহাবিদ্যালয়েও আংশিকভাবে ক্লাস অনুষ্ঠিত হইয়াছে বলিয়া জানা যায়। গার্হস্থ্য অর্থনীতি কলেজে আগে হইতেই ছুটি চলিতেছে বলিয়া অধ্যক্ষা জানান। ইডেন মহিলা মহাবিদ্যালয়ের শিক্ষক-

( শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ )

## সরকারী কলেজ শিক্ষকদের ধর্মঘট

( ১ম পৃঃ পর )

গণ জানান যে; তাঁহারা ক্লাস নেন নাই।

বেগম বদরুন্নেসা মহিলা মহাবিদ্যালয়ে কোন ক্লাস হয় নাই।

বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক সমিতির সভানেত্রী মিসেস জাহানারা বেগম স্বাক্ষরিত প্রেসবিজ্ঞপ্তিতে বলা হয় যে, রাজধানী ঢাকাসহ সারাদেশে ৫৪টি সরকারী কলেজের প্রায় ৪ হাজার শিক্ষক তাঁহাদের বেতন স্কেলের বৈষম্য নিরসনের দাবীতে পূর্ণ ধর্মঘট পালন শুরু করিয়াছেন। চট্টগ্রাম, নোয়াখালী, কুমিল্লা, সিলেট এই সকল অঞ্চলের কলেজগুলিতে ধর্মঘটের দরুন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী (পাস ও সাবসিডিয়ারী) ফাইনাল পরীক্ষা অনুষ্ঠিত হয় নাই। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী (পাস ও সাবসিডিয়ারী) ফাইনাল পরীক্ষার কাজ হইতেও সরকারী কলেজ শিক্ষকগণ বিরত ছিলেন।

গতরাত্রে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের সহিত টেলিফোনে যোগাযোগ করা হইলে তিনি জানান, "সরকারী কলেজ শিক্ষকরা ধর্মঘট করায় ডিগ্রী পরীক্ষা অনুষ্ঠানের জন্য বিকল্প ব্যবস্থা গ্রহণ করা হয়। বিকল্প পদ্ধতিতে পরীক্ষা অনুষ্ঠানে কোন বিঘ্ন সৃষ্টি হওয়ার খবর আমরা পাই নাই।"

বাংলাদেশ আওয়ামী লীগের (মিজান) সভাপতি জনাব মিজানুর রহমান চৌধুরী এক বিবৃতিতে শিক্ষক সমিতি ফেডারেশন ও সরকারী কলেজ শিক্ষক সমিতির দাবীসমূহ মানিয়া নেওয়ার জন্য সরকারের নিকট দাবী জানাইয়াছেন।

বাংলাদেশ ছাত্রলীগ (মান্না) সভাপতি ও ডাকসু সহ-সভাপতি এবং ছাত্রলীগ (মান্না) ও 'ডাকসু' সাধারণ সম্পাদক জনাব আখতারুজ্জান গতকাল এক যুক্তবিবৃতিতে সরকারী কলেজ শিক্ষকসহ সকল বেসরকারী বিদ্যালয়ের শিক্ষকদের ন্যায়সঙ্গত দাবীদাওয়া মানিয়া লওয়ার জন্য সরকারের নিকট দাবী জানান।